# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৩৩ খুৎবার রুকন, বিষয়বস্তু ও প্রারম্ভিক শব্দাবলি - ১৫৫. খুৎবার মধ্যে খুৎবার অঙ্গ হিসেবে কী কী মৌলিক উপাদান থাকা আবশ্যক?

খুৎবার যেসব মৌলিক উপাদান থাকা আবশ্যক।

১. আল্লাহ তাআলার প্রশংসা অর্থাৎ আলহামদুলিল্লাহ, নাহমাদুহু ইত্যাদি বলে খুৎবা শুরু করা।
২. আল্লাহর একত্ববাদ ও নবীজির রিসালাতের সাক্ষ্য দেওয়া, অর্থাৎ আশহাদু আল্লা ইল্লাল্লাহু ও ওয়াশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ বলা।
৩. রাসূলুল্লাহ (সা.)-এর উপর দুরূদ শরীফ ও বিশেষ করে দু'আর সময় দরূদ পড়া।
৪. কুরআন কারীম থেকে কিছু আয়াত উদ্ধৃতি দেওয়া।
৫. তাকওয়ার উপদেশ দেওয়া, ওয়াজ নসীহত করা। একদল আলেমের মতে, এগুলো খুৎবার রুকন। ইমাম শাফেয়ী (র) বলেন- হামদ, দরূদ ও নসীহত এ তিনটি হলো খুৎবার রুকন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13054

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন